দৈনিক খবর

তারিখ 17 SEP 1988 পৃষ্ঠা ১ / ৪ কলাম

০৪

# আজ ১৭ সেপ্টেম্বর শিক্ষা দিবস

।। স্টাফ রিপোর্টার ।।

আজ ১৭ই সেপ্টেম্বর মহান শিক্ষা দিবস। '৬২ সনে শরীফ কমিশনের কুখ্যাত গণ-বিরোধী শিক্ষানীতি বাতিলের

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## আজ ১৭ সেপ্টেম্বর

প্রথম পৃষ্ঠার পর

দাবীতে দেশব্যাপী ব্যাপক ছাত্র আন্দোলন গড়ে উঠেছিল। এ আন্দোলনের এক পর্যায়ে সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ ১৭ই সেপ্টেম্বর শরীফ কমিশনের রিপোর্ট বাতিলের দাবীতে হরতাল আহবান করে।

হরতালের দিন ঢাকায় শান্তিপূর্ণ মিছিলে পুলিশ গুলী চালিয়ে হত্যা করে গোলাম মোস্তফা, ওয়াজিউল্লাহ ওরফে শহীদুল্লাহ ও বাবুলকে। সেই থেকে এ দেশের ছাত্র সমাজ প্রতিবছর ১৭ই সেপ্টেম্বর শিক্ষা দিবস হিসেবে পালন করে আসছে।

পাকিস্তানী ঔপনিবেশিক শাসক গোষ্ঠীর শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে লড়াই করে জীবন দিয়ে এ দেশের ছাত্র সমাজ সংগ্রামের যে মহতী সোপান রচনা করেছিল তারই পথ বেয়ে জাতি জাতীয় স্বাধীনতা অর্জন করেছে। কিন্তু সেদিনের শিক্ষা আন্দোলনে ছাত্র সমাজের যে আকাঙ্ক্ষা ধ্বনিত হয়েছিল তা আজো বাস্তবায়িত হয়নি। এ পেক্ষাপটে আজ পালিত হবে শিক্ষা দিবস।

### কর্মসূচী

দেশের ভয়াবহ বন্যা পরিস্থিতি মোকাবেলায় এবং বন্যার্ত মানুষের সাহায্যার্থে দেশের ছাত্র সমাজ ত্রাণ কাজে নিয়োজিত হয়েছে। ফলে পূর্ব নির্ধারিত শিক্ষা দিবসের কর্মসূচী বাতিল করা হয়েছে। সংক্ষিপ্ত কর্মসূচী হিসেবে '৬২-র শিক্ষা আন্দোলনে শহীদদের স্মৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে। আজ সকাল ৯টায় কেন্দ্রীয় শহীদ মিনারে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে।

### ত্রাণ তৎপরতা

গতকাল ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ থেকে মীরপুর, মুগদা, বাড্ডা, ডেমরা ও শুক্রাবাদে ত্রাণ শিবিরগুলোতে ২২ হাজার রুটি বিতরণ করা হয়েছে। সংগ্রাম পরিষদের একটি চিকিৎসা টীম চিকিৎসা সহায়তা ও ওষুধ বিতরণের উদ্দেশ্যে গতকাল সাভার গেছে।